


নিলাম বিজ্ঞপ্তি

গণযোগাযোগ অধিদপ্তরের সদর কার্যালয় ঢাকা-এর একেজো ঘোষিত ০১(এক)টি মাইক্রোবাস এবং জেলা তথ্য অফিস, সুনামগঞ্জ, মানিকগঞ্জ ও পার্বত্য উপজেলায় অবস্থিত তথ্য অফিস পটিয়া-এর একেজো ঘোষিত নিম্নোক্ত ০৩(তিন)টি মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিলামে বিক্রয়ের জন্য সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	লট নং	সিনেমাভ্যানের বিবরণ	মাইক্রোবাস ও মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের অবস্থান	মন্তব্য
১।	এ	মাইক্রোবাস-এর রেজি নং: ঢাকা-মেট্রো-৮-৫১-২৭৬০, নির্মাতা-মিৎসুবিসি-এল-৩০০, জাপান, গাড়ির ধরণ: মাইক্রোবাস, ক্রয়ের সাল: ২০০১, চেসিস নং:JMYHNP13WYA000677, ইঞ্জিন নং:4G63DB1896, ইঞ্জিন: পেট্রোল, সিলিভারের সংখ্যা: ০৪ (চার)।	সদর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা	১ম নিলাম বিজ্ঞপ্তি
২।	বি	সিনেমাভ্যানের রেজি নং- সুনামগঞ্জ-শ-১১-০০০২, নির্মাতা-মিৎসুবিসি- এল-৩০০, জাপান, গাড়ির ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল:-২০০০, চেসিস নং- JMYHNP13WYA000688, ইঞ্জিন নং-4G63DB5612, সিলিভারের সংখ্যাঃ ০৪ (চার)। ইঞ্জিন:- পেট্রোল।	জেলা তথ্য অফিস সুনামগঞ্জ	১ম নিলাম বিজ্ঞপ্তি
৩।	সি	সিনেমাভ্যানের রেজি নং- ঢাকা-মেট্রো-৮-১১-১১৬৪, টয়োটা টাউন এস,জাপান, গাড়ির ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল:-১৯৯৬, চেসিস নং-KR27-0042785, ইঞ্জিন নং-5K-1284904, সিলিভারের সংখ্যাঃ ০৪ (চার)। ইঞ্জিন:- পেট্রোল।	জেলা তথ্য অফিস মানিকগঞ্জ	১ম নিলাম বিজ্ঞপ্তি
৪।	ডি	সিনেমাভ্যানের রেজি নং-ঢাকা-মেট্রো-৮-১১-০২২৮, নির্মাতা- নিশান আরভান, জাপান, গাড়ির ধরণ: সিনেমাভ্যান, ক্রয়ের সাল:-১৯৯৪, চেসিস নং-WHGE24-016098, ইঞ্জিন নং-৮৯৭৩০৭, সিলিভারের সংখ্যাঃ ০৪ (চার)। ইঞ্জিন:- পেট্রোল।	তথ্য অফিস পটিয়া	১ম নিলাম বিজ্ঞপ্তি

শর্তাবলী :

- ১। মাইক্রোবাস ও মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান বিক্রির জন্য প্রতিটি লটের প্রতিটি সিডিউল নগদ ৩০০/- (তিনশত) টাকা মূল্যে ৩০.০৫.২০১৮ খ্রি. বুধবার পর্যন্ত অফিস চলাকালীন গণযোগাযোগ অধিদপ্তরের ক্যাশিয়ারের নিকট হতে অথবা সংশ্লিষ্ট জেলা তথ্য অফিস হতে সংগ্রহ করা যাবে।
- ২। দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে ৩১.০৫.২০১৮ খ্রি. বৃহস্পতিবার বেলা ২.০০ টার মধ্যে গণযোগাযোগ অধিদপ্তরের সভা কক্ষে, এছাড়া পিআইডি, ভবন নং: ০৯ (ক্লিনিক ভবন), কক্ষ নং: ২০৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা অথবা সংশ্লিষ্ট জেলা তথ্য অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাবে। সংশ্লিষ্ট জেলা তথ্য অফিসসমূহ ঐদিন বেলা ২.৩০ টায় টেন্ডার বাক্স খুলে বিশেষ বাহক মারফত প্রাপ্ত দরপত্রগুলো সিলগালা অবস্থায় একটি খামে ভরে মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর বরাবরে প্রেরণ করবেন।
- ৩। গণযোগাযোগ অধিদপ্তরে ০৪.০৬.২০১৮ খ্রি. সোমবার সকাল ১১.০০ টায় প্রাপ্ত দরপত্রের দরদাতাদের উপস্থিতিতে খোলা হবে (যদি কেউ উপস্থিত থাকেন)।
- ৪। মাইক্রোবাস ও মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের বিস্তারিত বিবরণ/শর্তাবলী সিডিউলে অন্তর্ভুক্ত থাকবে। দরপত্র প্রদানের নিমিত্ত মাইক্রোবাস ও সিনেমাভ্যানের জন্য নির্ধারিত মূল্যের সিডিউল নগদ মূল্যে গণযোগাযোগ অধিদপ্তর, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা-এর ক্যাশিয়ারের নিকট থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও বর্ণিত জেলা তথ্য অফিসের সিনেমাভ্যানের সিডিউল স্ব স্ব জেলা তথ্য অফিস থেকে অনুরূপ নিয়মে নগদ মূল্যে সংগ্রহ করা যাবে।
- ৫। সিনেমাভ্যানের জন্য সিডিউলে বর্ণিত শর্তাবলী মেনে এবং সিডিউল যথাযথভাবে পূরণ করে পৃথক পৃথকভাবে দরপত্র দাখিল করতে হবে।
- ৬। প্রত্যেক দরপত্রের সঙ্গে উদ্ধৃত মূল্যের উপর ১০% জামানত হিসেবে যে কোন বাণিজ্যিক ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হবে এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ৭। কৃতকার্য দরদাতাকে মাইক্রোবাস ও মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান ডেলিভারি নেওয়ার আগে উদ্ধৃত মূল্যের ওপর ৪% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ৫% হারে উৎসে আয়কর জমা দিয়ে চালানের মূলকপি গণযোগাযোগ অধিদপ্তরে জমা দিতে হবে।
- ৮। কৃতকার্য দরদাতাদের দরপত্রে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা কার্যাদেশ পাওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে গণযোগাযোগ অধিদপ্তর, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা-এর ক্যাশিয়ারের নিকট জমা দিয়ে, অধিদপ্তরের কারিগরি শাখা হতে মাইক্রোবাস ও মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের ডেলিভারির আদেশপত্র সংগ্রহ করতে হবে।
- ৯। কৃতকার্য দরপত্রদাতা নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত মাইক্রোবাস ও মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের মূল্য বাবদ টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত ঘোষণা করে সরকারের নির্ধারিত খাতে জমা দেয়া হবে।
- ১০। অকৃতকার্য দরপত্রদাতাদের জামানত বাবদ জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সদর দপ্তর থেকে ফেরত দেয়া হবে।
- ১১। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


(মো. লিয়াকত হোসেন ভূঞা)
উপপরিচালক (কারিগরি ও প্রশিক্ষণ)
গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৮৩৯১২৮৬